

মোঃ গোলাম সারওয়ার  
সচিব  
আইন ও বিচার বিভাগ  
আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়



জনাব মোঃ গোলাম সারওয়ার ১৯৬৫ সালের ২১ নভেম্বর ব্রাক্ষণবাড়িয়া জেলার কসবা উপজেলার তালতলা গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম মোঃ নুরুল হক এবং মাতা মরহুমা রাফিয়া বেগম। স্কুল ও কলেজের শিক্ষা সফলভাবে সম্পন্ন করার পর তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে ভর্তি হন। তিনি কৃতিত্বপূর্ণ ফলাফলসহ ১৯৮৭ সালে এলএল.বি. (সম্মান) এবং ১৯৮৮ সালে এলএল.এম. ডিগ্রি অর্জন করেন।

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত প্রতিযোগিতামূলক ১০ম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে তিনি ১৯৯১ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (জুডিসিয়াল) ক্যাডারে (বর্তমানে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস) যোগদান করেন। ১১ ডিসেম্বর ১৯৯১ থেকে ৩০ জুন ১৯৯৩ পর্যন্ত তিনি ঢাকা জেলা ও দায়রা জজ আদালতে শিক্ষানবিশ সহকারী জজ হিসেবে দায়িত্ব পালন করেন এবং দেওয়ানী ও ফৌজদারী মামলার বিচারপ্রক্রিয়া, আদালত ব্যবস্থাপনা সম্পর্কে জ্ঞান অর্জন করেন। তিনি জুলাই ১৯৯৩ থেকে মে ১৯৯৭ পর্যন্ত চট্টগ্রামে এবং জুন ১৯৯৭ হতে মে ২০০১ পর্যন্ত ঢাকায় সহকারী জজ হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৯৮ সালে সিনিয়র সহকারী জজ ও ২০০৩ সালে যুগ্ম জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি লাভ করেন। তিনি লিগ্যাল এন্ড জুডিসিয়াল ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্পে উপ-প্রকল্প পরিচালক হিসেবে প্রেষণে কর্মরত থাকাকালে প্রশাসন পরিচালনার পাশাপাশি মামলা ব্যবস্থাপনা ও আদালত প্রশাসনের বিষয়ে গবেষণাকর্মের সঙ্গে যুক্ত থাকেন। তিনি ২০০৭ সালে অতিরিক্ত জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি লাভ করেন। বাংলাদেশ সুপ্রীম কোর্টে ডেপুটি রেজিস্ট্রার পদে ২০০৭ থেকে ২০১০ সাল পর্যন্ত প্রেষণে কাজ করেন। পরবর্তীতে ২০১০ থেকে ২০১৩ সাল পর্যন্ত চট্টগ্রামের অতিরিক্ত মহানগর দায়রা জজ এবং ২০১৩ থেকে ২০১৫ সাল পর্যন্ত কিশোরগঞ্জের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেন। জনাব মোঃ গোলাম সারওয়ার বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সর্বোচ্চ পদ জেলা ও দায়রা জজ হিসেবে ২০১৫ সালে পদোন্নতি লাভ করে ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে বিচারকের দায়িত্বে ছিলেন। তিনি ২০১৫ সালের ডিসেম্বর থেকে ২০১৯ সালের ৬ আগস্ট পর্যন্ত আইন ও বিচার বিভাগের যুগ্ম-সচিব (বাজেট ও উন্নয়ন) পদে কর্মরত ছিলেন। ২০১৯ সালে ৭ আগস্ট তিনি আইন ও বিচার বিভাগের সচিব হিসেবে দায়িত্বপ্রাপ্ত হন।

জনাব মোঃ গোলাম সারওয়ার মামলা ব্যবস্থাপনা ও আদালত প্রশাসন বিষয়ে দেশে ও বিদেশে বিভিন্ন সেমিনার, কনফারেন্স ও কর্মশালায় অংশগ্রহণ করেন। বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (BPATC) আয়োজিত ১০ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্সে অংশগ্রহণ করে সম্মিলিত মেধাতালিকায় ৩য় স্থান অর্জন করেন। বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনসিটিউট আয়োজিত ৩৮তম বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে কৃতিত্বের সাথে

প্রথম স্থান অর্জন করেন। তিনি ২০০৭ সালের ২৩-২৬ সেপ্টেম্বর গর্ভস্ত ফিলিপাইনের ম্যানিলায় অনুষ্ঠিত ISPCAN 7<sup>th</sup> Asian Regional সম্মেলনে অংশগ্রহণ করেন। ২০১৭ সালে অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ২ সপ্তাহের সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি সাইবার অপরাধ ও সন্ত্রাসদমন বিষয়ে ম্যাকাও, চীনে ১৫ দিনের কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

এছাড়াও বিভিন্ন আন্তর্জাতিক সভা ও কর্মশালায় অংশগ্রহণের উদ্দেশ্যে তিনি নরওয়ে, আয়ারল্যান্ড, মালয়েশিয়া, শ্রীলংকা, ইন্দোনেশিয়া, সিংগাপুর, রাশিয়া ও যুক্তরাষ্ট্র ভ্রমণ করেছেন।

তিনি পদাধিকারবলে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের একজন সদস্য। তিনি বর্তমানে চলচ্চিত্র সেন্সর বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

জনাব মোঃ গোলাম সারওয়ারের সহধর্মীণী বেগম ফিরোজা খানম। তিনি এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক।

বর্তমানে জনাব মোঃ গোলাম সারওয়ার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিব হিসেবে কর্মরত রয়েছেন।